

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০১.২০২০/৩৭

তারিখ: ১৫/০৭/২০২০ খ্রিঃ

শফিক-২
মৌলভী
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড,

বিষয়: আমদানিকৃত পণ্যের এইচএস কোড নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী (তারিখ ১৬/০৩/২০২০)।


বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের এইচএস কোড নির্ধারণ ও অগ্রিম রুলিং বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড নিয়মিতভাবে নিষ্পত্তি করে থাকে। পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এইচএস কোড নির্ধারণ অনেক সুক্ষ্ম ও জটিল বিশ্লেষণের ওপর নির্ভরশীল হওয়ায় অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ অত্যাৱশ্যক। ফলে এ জাতীয় আবেদন নিষ্পত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রায়শই আবেদনকারী, অধীনস্থ বিভিন্ন কাস্টমস স্টেশন ও বিশেষজ্ঞ সমন্বয়ে সভা করে থাকে। এ জাতীয় কতিপয় আবেদন নিষ্পত্তির লক্ষ্যে বিগত ১৬/০৩/২০২০ তারিখে সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে শ্রেণিবিন্যাস সংক্রান্ত একটি সভা হয় (সভায় উপস্থিতির তালিকা সংযুক্ত)। উক্ত সভার বিষয়বস্তু নিম্নরূপ:

(ক) আলোচ্য সূচিঃ

- ১। Mcdry Desiccant Ltd কর্তৃক আমদানিকৃত 'Super Dry Container Desiccant' এর সঠিক এইচএস কোড নির্ধারণ;
- ২। Fair Electronics Ltd কর্তৃক আমদানিকৃত 'Samsung Mobile Phone-Mother Board with Lithium Battery' এর সঠিক এইচএস কোড নির্ধারণ; এবং
- ৩। Euro Bangla Glass Ltd কর্তৃক আমদানিকৃত Solar E clear glass 6.0 mm glazing end cap solar-E এবং Solar E evergreen 6.0 mm Glazing end cap solar-E এর এইচএস কোড নির্ধারণ।

(খ) সংক্ষিপ্ত বিবরণঃ সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার বিষয়ভিত্তিক আলোচনা শুরু করেন। তিনি দ্বিতীয় সচিবকে সভার কার্যপত্র উপস্থাপনসহ সকলকে আলোচনার জন্য আহ্বান জানান। সভার প্রতিস্থান ভিত্তিক আলোচনা ও সে প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত নিম্নরূপ:-

- ১। Mcdry Desiccant Ltd নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য 'Super Dry Container Desiccant' এর সঠিক এইচএস কোড নির্ধারণ বিষয়ে দিকনির্দেশনা কামনা করে কাস্টম হাউস চট্টগ্রাম ও আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করে। পণ্যটির ঘোষিত এইচএস কোড 2827.20.00 হলেও কাস্টম হাউস তা 3824.99.90 হিসেবে শুল্কায়ন করে। বিগত ২৩/০১/২০২০ তারিখে সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে শ্রেণিবিন্যাস সংক্রান্ত সভায় বিষয়টি বিষদ পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহিত হয়। সেখানে পণ্যটির ঘোষিত এইচএস কোড সঠিক মর্মে সিদ্ধান্ত গৃহিত হলে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক বিষয়টি পুনঃপর্যালোচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করে। সভায় কাস্টম হাউস, চট্টগ্রামের প্রতিনিধি উল্লেখ করেন যে আলোচ্য পণ্যের মধ্যস্থিত স্টার্চ Gelling agent যা $CaCl_2$ কে পানি শোষণের পর তরলে



বিবেচ্য পণ্যের ছবি

পরিণত হতে দেয় না। ফলে Chapter note 1 (d) এর ব্যাখ্যা এক্ষেত্রে প্রযোজ্য নয়। অর্থাৎ পণ্যটিকে শুধুমাত্র সংরক্ষণের বা পরিবহণের সুবিধার্থেই এতে স্ট্যাবিলাইজার বা এন্টি কেকিং এজেন্ট ব্যবহৃত হতে পারবে যা পণ্যটির সাধারণ ব্যবহার পরিবর্তন করে বিশেষ উদ্দেশ্যে ব্যবহারযোগ্য করে তুলবে না। উক্ত বক্তব্যের ধারাবাহিকতায় আমদানিকারক উল্লেখ করেন যে আলোচ্য ক্ষেত্রে CaCl_2 এর সংরক্ষণের জন্য এতে স্টার্চ ব্যবহার করা হয়েছে যা ক্যালসিয়াম ক্লোরাইডের স্বাভাবিক ব্যবহার পরিবর্তন করবে না। এর স্বপক্ষে তিনি সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের একটি রাসায়নিক পরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন। ফলে তিনি তার ঘোষিত এইচএস কোডের প্রযোজ্যতা দাবী করেন। সভায় সিনিয়র কাস্টমস স্পেশালিস্ট মু.রইচ উদ্দিন খান, আই, ডি,জি ঢাকা উল্লেখ করেন উপস্থাপিত নমুনা ছোট ছোট প্যাকে (১০ গ্রাম বা তারও ছোট) আমদানি করা হয়েছে। এটার মূল ব্যবহার এখন ডেসিক্যান্ট হিসেবে। অর্থাৎ স্টার্চের সংমিশ্রণের ফলে বর্তমানে উপস্থাপিত CaCl_2 এর বিশেষ ব্যবহার পণ্যের আদ্রতা হ্রাসকরণে। ফলে তা ঘোষিত এইচএস কোডে শ্রেণিবিন্যাসযোগ্যতা হারায়। সভায় বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি এ বক্তব্য সমর্থন করে উল্লেখ করেন যে শ্রেণিবিন্যাসের মূল বিষয় হলো কীভাবে পণ্যটি আমদানিকালে উপস্থাপন করা হচ্ছে। খুচরা প্যাকে আমদানিকৃত এ পণ্যের মূল ব্যবহার বিবেচনায় তা ঘোষিত এইচএস কোডে শ্রেণিবিন্যাসের সুযোগ নেই। সভায় আমদানিকারকের প্রতিনিধিবৃন্দ ব্যতিত উপস্থিত অন্যান্যরা এ বক্তব্যকে সমর্থন করেন। তবে সভাপরবর্তিতে, আমদানিকারক, কতিপয় প্রাসঙ্গিক বিষয়ের উল্লেখপূর্বক ল্যাব স্পেশালিস্ট, রাসায়নিক বিশেষজ্ঞ, বিদেশি সরবরাহকারী ও সংশ্লিষ্ট অন্যান্যদের সমন্বয়ে বৃহৎপরিসরে বিষয়টি পুনরায় পর্যালোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ করে। উল্লেখ্য, অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে ইতোমধ্যে উক্ত পণ্যটিকে BCT তে এইচএস কোড 3824.99.60 (সিডি-10%) এর বিপরীতে সুনির্দিষ্ট করা হয়েছে। উক্ত এইচএস কোডে বর্ণিত শুল্ক-কর হারের সাথে পূর্বে শ্রেণিবিন্যাসিত এইচএস কোড 2827.20.00 এর শুল্ক-কর হার সমান হওয়ায় পণ্যটির ভবিষ্যত আমদানিতে আদায়যোগ্য রাজস্ব হারে কোন হ্রাস-বৃদ্ধি ঘটবে না। তাছাড়া আন্তর্জাতিকভাবেও পণ্যটি এইচএস হেডিং 28.27 ও 38.24 উভয় স্থানে শ্রেণিবিন্যাসিত হওয়ার নজির রয়েছে। ফলে শুধুমাত্র ভবিষ্যত শ্রেণিবিন্যাস সংক্রান্ত নির্দেশনা প্রদানে নতুন এইচএস কোড সৃজন বিবেচনায় পূর্বে শুল্কায়িত পণ্য চালানোর ক্ষেত্রে নমনীয় মনোভাব পোষণ করে আলোচ্য পণ্যের ক্ষেত্রে শ্রেণিবিন্যাস সংক্রান্ত জটিলতা নিরসন সমীচীন হতে পারে।

সিদ্ধান্ত: অর্থ আইন, ২০২০ এর মাধ্যমে ইতোমধ্যে উক্ত পণ্যটিকে BCT তে এইচএস কোড 3824.99.60 (সিডি-10%) এর বিপরীতে সুনির্দিষ্ট করা হয়েছে। উক্ত এইচএস কোডে বর্ণিত শুল্ক-কর হারের সাথে পূর্বে শ্রেণিবিন্যাসিত এইচএস কোড 2827.20.00 এর শুল্ক-কর হার সমান হওয়ায় পণ্যটির ভবিষ্যৎ আমদানিতে আদায়যোগ্য রাজস্ব হারে কোন হ্রাস-বৃদ্ধি ঘটবে না। ফলে শুধুমাত্র ভবিষ্যত শ্রেণিবিন্যাস সংক্রান্ত নির্দেশনা প্রদানে নতুন এইচএস কোড সৃজন হওয়ায় আলোচ্য শ্রেণিবিন্যাসের জন্য পুনরায় সিদ্ধান্ত প্রদানের প্রয়োজন নাই।

২। সভার দ্বিতীয় পর্যায়ে Fair Electronics Ltd. নামীয় প্রতিষ্ঠানটির আবেদন উপস্থাপন করা হয়। প্রতিষ্ঠানটি বাংলাদেশে Samsung Mobile Phone উৎপাদনকারী/ সংযোজনকারী যারা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস আর.ও নং -১৩২/২০১৭ অনুযায়ী বিদেশ হতে মোবাইল ফোনের পার্টস রেয়াতি হারে আমদানি করে স্থানীয়ভাবে সংযোজনের মাধ্যমে মোবাইল ফোন তৈরি ও বাজারজাত করে। প্রতিষ্ঠানটি বিগত ০৯/১০/২০১৯ খ্রিঃ তারিখে ২,৫০০ পিস Samsung Mobile Phone Mother Board with Lithium Battery আমদানি করে এইচএস কোড 8517.70.00 ঘোষণায় তা খালাসের জন্য কাস্টমস হাউস ঢাকার বি/ই নং-সি ৮৮৯১০৫ দাখিল করে। তবে কাস্টম হাউস কর্তৃক পণ্যটি পূর্ণাঙ্গ Mobile Phone এর Essential Character অর্জন করে মর্মে বিবেচনা করে এইচএস কোড 8517.12.11 এ শুল্কায়নের সিদ্ধান্ত গ্রহণ করে। পরবর্তিতে তারা প্রতিষ্ঠানের আবেদন বিবেচনা করে পার্থক্যজনিত শুল্ক-করের ব্যাংক গ্যারান্টির বিপরীতে পণ্য চালানটি ঘোষিত এইচএস কোডে সাময়িক শুল্কায়ন করে খালাস প্রদান করে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা চেয়ে পত্র প্রেরণ করে। সভায় আমদানিকারকের প্রতিনিধি উল্লেখ করেন যে পণ্যটি Samsung Mobile Phone Mother Board with Lithium Battery। এতে স্মার্ট ফোনের হাউজিংসহ, মাদার বোর্ড, সিম স্লট, ব্যাটারি, নেটওয়ার্ক সিগনাল রিসিভার,

স্পিকার প্রভৃতিসহ সকল কম্পোনেন্ট সংযুক্ত থাকলেও ডিসপ্লে ও ব্যাক কভার সংযুক্ত নেই। তাছাড়াও পণ্যটিতে প্রয়োজনীয় অপারেটিং সিস্টেম, এপ্লিকেশন সফটওয়্যার প্রভৃতি লোড করা নেই। আজকাল স্মার্ট ফোনের ডিসপ্লে ইনপুট ও আউটপুট টার্মিনাল হিসেবে কাজ করে। ফলে, ডিসপ্লে না থাকায় কার্যত পণ্যটির ইনপুট ও আউটপুট ইউনিট অনুপস্থিত। একই সাথে পণ্যটিকে ব্যবহার উপযোগী করার জন্য প্রয়োজনীয় সফটওয়্যার এতে লোড করা না থাকায় পণ্যটি পূর্ণাঙ্গ মোবাইল ফোনের Essential Character অর্জন করেনি। তাছাড়া, জাতীয় রাজস্ব বোর্ডের এস,আর,ও নং-১৩২/২০১৭ এর তালিকাভুক্ত মোবাইল ফোনের যন্ত্রাংশ হিসেবে আলোচ্য এইচএস কোডটি অন্তর্ভুক্ত রয়েছে। বিধায় পণ্যটি মোবাইল ফোনের যন্ত্রাংশ হিসেবে তাদের ঘোষিত এইচএস কোডে শ্রেণিবিন্যাস যোগ্য। কাস্টম হাউস, ঢাকার প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে পণ্যটিতে স্মার্ট ফোনের হাউজিংসহ, মাদার বোর্ড, সিম স্লট, লিথিয়াম ব্যাটারি, নেটওয়ার্ক সিগনাল রিসিভার, স্পিকার, মাইক্রোফোন প্রভৃতিসহ সকল কম্পোনেন্ট সংযুক্ত থাকায় প্রয়োজনীয় যন্ত্রাংশসহ তা পূর্ণাঙ্গ মোবাইল ফোনের প্রয়োজনীয় বৈশিষ্ট্য অর্জন করেছে। তবে যে সকল অপ্রধান অংশ যেমন ডিসপ্লে, ব্যাক কভার, সিম পিন ইজেক্টর প্রভৃতি এর সাথে আমদানি হয়নি তা শুদ্ধায়নযোগ্য মূল্য হতে বাদ দিয়ে পণ্যটির শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারন করা হয়। সিনিয়র কাস্টমস স্পেশালিস্ট মু.রহিচ উদ্দিন খান, আই, ডি, জি ঢাকা সভায় উল্লেখ করেন যে উপস্থাপিত নমুনাটি পর্যালোচনায় এটি স্পষ্টতই প্রতীয়মান যে পণ্যটিতে ডিসপ্লে ইউনিট সংযুক্ত নেই। ফলে পূর্ণাঙ্গ মোবাইল ফোনের গুরুত্বপূর্ণ একটি যন্ত্রাংশ অনুপস্থিত হলেও তা অবশিষ্ট পণ্যকে পূর্ণাঙ্গ মোবাইল ফোন হিসেবেই চিহ্নিত করবে। কেননা **General rules for the interpretation of the harmonized system** এর rule 2 (a) অনুযায়ী কোন অসম্পূর্ণ পণ্য শুদ্ধায়নের জন্য উপস্থাপিত হলে উক্ত পণ্যে যদি কোনো সম্পূর্ণ পণ্যের প্রয়োজনীয় সকল বৈশিষ্ট্য না থেকেও শুধুমাত্র প্রয়োজনীয় বৈশিষ্ট্য বিদ্যমান অবস্থায় থাকে তবে তা উক্ত সম্পূর্ণায়িত পণ্যের প্রযোজ্য কোডে শ্রেণিবিন্যাসযোগ্য হবে। সভায় বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি এ বক্তব্যকে পুরোপুরি সমর্থন করেন। প্রথম সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন) সভায় উল্লেখ করেন যে, ভিন্ন প্রেক্ষাপটে মোবাইল ফোন প্রস্তুতকারী ও সংযোজনকারীদেরকে রেয়াতি সুবিধা প্রদানের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রজ্ঞাপন ১৩২/২০১৭ তারিখ: ০১/০৬/২০১৭ জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় আমদানিযোগ্য পণ্য তালিকায় অন্তর্ভুক্তি কোন পণ্যের এইচএস কোডের সঠিকতা নিশ্চিত করে না। বস্তুত পণ্যের এইচএস কোড নির্ধারিত হয় শ্রেণিবিন্যাস সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক সুনির্দিষ্ট নিয়ম নীতির ভিত্তিতে। কাস্টম হাউস, আইসিডিআর প্রতিনিধি উল্লেখ করেন যে আমদানকৃত পণ্যটিতে লিথিয়াম ব্যাটারির সাথে সিম স্লট, কথা বলার মিক, শোনার জন্য স্পিকার, মোবাইল নেটওয়ার্ক সিগনাল রিসিভারসহ প্রয়োজনীয় সকল আনুষঙ্গিক যন্ত্রাংশ সংযুক্ত রয়েছে। সে বিবেচনায় পণ্যটি এখন কোন যন্ত্রাংশ হিসেবে সনাক্তযোগ্য নয় বরং এটি পূর্ণাঙ্গ মোবাইল ফোনের প্রয়োজনীয় বৈশিষ্ট্য অর্জন করেছে। সভায় উপস্থিত অন্যান্য সকলে এ সকল বক্তব্যকে সমর্থন করে পণ্যটিকে পূর্ণাঙ্গ মোবাইল ফোনের এইচএস কোডে শ্রেণিবিন্যাস যোগ্য হিসেবে মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত: Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules For The Interpretation Of The Harmonized System এর Rules 2 (a) অনুযায়ী Fair Electronics Ltd. কর্তৃক আমদানিকৃত Mobile Phone Mother Board with Lithium Battery তে পূর্ণাঙ্গ মোবাইল ফোনের প্রয়োজনীয় বৈশিষ্ট্য বিদ্যমান থাকায় তা পূর্ণাঙ্গ মোবাইল ফোনের এইচএস কোডে শ্রেণিবিন্যাসযোগ্য।

৩। সভার সর্বশেষ আলোচ্য বিষয় হিসেবে শিল্পখাতের আমদানিকারক Euro Bangla Glass Ltd. নামীয় প্রতিষ্ঠানটির আবেদন উপস্থাপন করা হয়। প্রতিষ্ঠানটি Solar E Clear Glass 6.0 mm Glazing end cap এবং Solar E Evergreen 6.0 mm Glazing end cap বর্ণনার পণ্য এইচএস কোড 8541.40.10 ঘোষণায় USA হতে আমদানি করে খালাসের লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রামে বি/ই নং-৯২০১৫১ এবং ৯২০২৭৬ তারিখ: ১৮/০৭/২০১৭ দাখিল করে। বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা শেষে কাস্টম হাউস পণ্যটিকে Solar control glass Sheet হিসেবে ঘোষিত এইচএস কোড এর পরিবর্তে এইচএস কোড 7005.10.00 তে শ্রেণিবিন্যাস করে সাময়িক শুদ্ধায়ন করে। একই সাথে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করেন। আমদানিকারকের প্রতিনিধি পণ্যটির নমুনা উপস্থাপন করে দেখান যে পণ্যটি Float Glass sheet এর অনুরূপ। খালি চোখে একে ভিন্ন পণ্য হিসেবে সনাক্ত করা সম্ভব নয়। তবে নমুনাটিতে সোলার বাতির দুই প্রান্ত সংযুক্ত করলে আলো জ্বলে উঠে। অর্থাৎ এটি একটি বিদ্যুৎ পরিবাহি পদার্থ। উক্ত বক্তব্য সমর্থনে তিনি BCSIR এর টেস্ট রিপোর্ট উপস্থাপন করেন। সেখানে পণ্যটিতে TIN OXIDE এর Coating রয়েছে মর্মে উল্লেখ রয়েছে।

ফলে পণ্যটি বিদ্যুৎ অপরিবাহী ফ্লোট গ্লাস সিট এর এইচএস কোডে শ্রেণিবিন্যাস যোগ্য নয় বরং এটি Glass Sheet Incorporated Semiconductor based Photovoltaic Cell/ Solar Cell Semiconductor having electrical properties হিসেবে বিবেচ্য। কাস্টম হাউস, চট্টগ্রামের প্রতিনিধি উল্লেখ করেন যে, পণ্যটি কাস্টম হাউসের রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষা করা হলে এটিকে “Solar Control glass sheet. It is not normal glass sheet” হিসেবে উল্লেখ করা হয়। পরবর্তীতে এ্যাসেসমেন্ট কমিটির সভা ডাকা হলে সভায় পণ্যটিকে সাধারণ Float Glass এর এইচএস কোড 7005.10.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য হিসেবে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে আমদানিকারক এতে দ্বিমত পোষণ করে কতিপয় যুক্তি উপস্থাপন করে পণ্য চালানটির সাময়িক শুল্কায়ন ও পূর্ণাঙ্গ এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করে চূড়ান্ত শুল্কায়নের অনুরোধ করেন। সে প্রেক্ষিতে সর্বমোট তিন (৩) বার এ্যাসেসমেন্ট কমিটির সভা ডাকা হয় এবং প্রতিবারই সভায় পণ্যটি কাস্টম হাউসের নির্ধারিত এইচএস কোডে শ্রেণিবিন্যাসযোগ্য হিসেবে সিদ্ধান্ত গৃহীত হয়। কেননা সূর্যের আলো নিয়ন্ত্রণ করলেই সেই glass sheet কে Solar Panel হিসেবে বিবেচনার সুযোগ নেই। Solar Panel হতে হলে সূর্যের আলোর কণা তথা ফোটনকে ইলেকট্রন হিসেবে পরিবর্তনের গুনাগুন থাকা আবশ্যিক। এছাড়াও Solar glass (Panel) ও Solar Control glass এক জিনিস নয়। তবে আমদানিকারক বারংবার আপত্তি উত্থাপন করে এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত চাওয়ায় দাপ্তরিক কাজে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে উল্লেখ করে কমিশনার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করেন। উল্লেখ্য, পণ্যচালান ইতোমধ্যে গ্লাস সিট হিসেবে শুল্কায়িত ও খালাসগ্রহণকৃত। আলোচ্য ক্ষেত্রে ঘোষিত এইচএস কোডে চূড়ান্ত শুল্কায়নের সিদ্ধান্ত পেলে জমাকৃত রাজস্ব ফেরত প্রদান করার সম্ভাবনা তৈরি হবে। তাছাড়া দৃশ্যত পণ্যটি ফ্লোট গ্লাস সিট (সর্বমোট শুল্কহার ১২৮%) এর অনুরূপ এবং ঘোষিত এইচএস কোডে সর্বমোট শুল্কহার ১০%। ফলে অসত্য ঘোষণার মাধ্যমে উক্ত এইচএস কোডে ফ্লোট গ্লাস সিট আমদানির অপচেষ্টা বাড়তে পারে। সভায় সিনিয়র কাস্টমস স্পেশালিস্ট মু.রইচ উদ্দিন খান, আই, ডি, জি ঢাকা উল্লেখ করেন যে পণ্যটির কায়িক পরীক্ষা প্রতিবেদনসহ উপস্থাপিত নমুনা পর্যালোচনায় দেখা যায় যে পণ্যটিতে ফ্লোট গ্লাস সিটের সকল বৈশিষ্ট্যই বিদ্যমান। তবে পণ্যটিতে সামান্য পরিবাহি পদার্থের কোটিং রয়েছে মর্মে প্রতীয়মান। প্রথম সচিব সভায় উল্লেখ করেন যে আমদানিকারক পণ্যটিকে semiconductor হিসেবে দাবি করলেও পণ্যটি মূলত তা নয়। কেননা, Semiconductor পদার্থ স্বাভাবিক অবস্থায় বিদ্যুৎ অপরিবাহি থাকলেও শুধুমাত্র বিশেষ অবস্থায় তা বিদ্যুৎ পরিবাহি হয়। এখানে পণ্যটি দৃশ্যতঃ পরিবাহি। কমিশনার, কাস্টম এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, খুলনা সভাকে জানান যে WCO Explanatory Notes এর সংশ্লিষ্ট হেডিংদ্বয়ের বর্ণনা বিশ্লেষণে ফ্লোট গ্লাস সিটের উপর শুধুমাত্র কোন পরিবাহি পদার্থের কোটিং থাকলেই পণ্যটিকে গ্লাস সিট ভিন্ন অন্য কোন পণ্য হিসেবে বিবেচনা করার সুযোগ নেই যদি না তা অন্যকোন সুনির্দিষ্ট পণ্যের প্রয়োজনীয় বৈশিষ্ট্য অর্জন করে। আলোচ্য ক্ষেত্রে ফ্লোট গ্লাস সিটের উপর Tin Oxide এর Coating পণ্যটিকে Glass sheet with Tin oxide coting এ পরিণত করেছে। এই পরিবর্তনের ফলে glass sheet অন্যকোন পণ্যের প্রয়োজনীয় বৈশিষ্ট্য অর্জন না করায় পণ্যটি glass sheet এর এইচএস কোডেই শ্রেণিবিন্যাস যোগ্য। উপস্থিত অন্যান্যরা এসকল বক্তব্যকে সমর্থন করেন।

সিদ্ধান্ত: উপর্যুক্ত আলোচনানুসারে Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা এবং General Rules For The Interpretation Of The Harmonized System এর Rules 1 & 2 (b) অনুযায়ী Euro Bangla Glass Ltd. কর্তৃক আমদানিকৃত Solar E Clear Glass 6.0 mm Glazing end cap তে Float glass sheet এর প্রয়োজনীয় বৈশিষ্ট্য বিদ্যমান থাকায় তা এইচএস কোড 7005.10.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত আলোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(তারিখ: ১৪/০৭/২০২০)

(সৈয়দ গোলাম কিবরীয়া)

সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)

বিতরণ:


- ১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা, মোংলা/ আইসিডি (কমলাপুর)/পানগাঁও/বেনাপোল।
- ২। জনাব ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার, যুগ্ম সচিব, Budget Monitoring, Evaluation and Reporting.
অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব নূর মোঃ মাহবুবুল হক, যুগ্ম সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব মোহাম্মদ ফাইজুর রহমান, প্রকল্প পরিচালক, বন্ড অটোমেশন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। জনাব একেএম নুরুল হুদা আজাদ, প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। জনাব মু. রইচ উদ্দিন খান, সিনিয়র কাস্টমস স্পেশালিস্ট, আইডিজি, ঢাকা।
- ৭। সত্বাধিকারী, Mcdry Desiccant Limited, তেজগাঁও, ঢাকা,
- ৮। সত্বাধিকারী, Fair Electronics Ltd., ঢাকা।
- ৯। সত্বাধিকারী, Euro Bangla Glass Ltd., ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০১.২০২০/ ৩৭ (১৬)

তারিখ: ১৫/০৭/২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (Website-এ প্রকাশের অনুরোধসহ)।
- ৩। প্রথম সচিব (কাস্টমস নীতি)/ (কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। পিএটু সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।



(মোঃ জাহাঙ্গীর আলম)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং